ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪১২৭

আগরতলা, ৩ ডিসেম্বর, ২০২৫

**<u>সাংবাদিক সম্মেলনে নগরোন্নয়ন দপ্তরের সচিব</u>**

**জনকল্যাণমুখী কাজগুলি চলাকালীন সময়ে সমস্যা যাতে লাঘব করা যায় সেই উদ্দেশ্যে ইতিমধ্যে কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়েছে**

আগরতলা পুরনিগম এলাকায় বর্তমানে প্রায় ৯০০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণের কাজ চলছে। এর মধ্যে স্মার্ট সিটি, আগরতলা পুর নিগম, বিদ্যুৎ দপ্তর, পূর্ত দপ্তর সহ বিভিন্ন দপ্তরের প্রকল্প রয়েছে। আগামী বর্ষার আগে এই কাজগুলি শেষ করার পরিকল্পনা রয়েছে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং আগরতলা পুর নিগম এলাকায় উন্নয়নমূলক কাজের বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানাতে গিয়ে এই কথা বলেন।

সচিব জানান, যেকোন শহরের নাগরিক পরিষেবার উন্নয়নে বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণ করতে হয়। কাজ করার সময় জনগণকে অনেক সময় বিভিন্ন অসুবিধার সম্মুখীন হতে হয়। কিন্তু এই সমস্যা সাময়িক। জনকল্যাণমুখী কাজগুলি চলাকালীন সময়ে সমস্যা যাতে লাঘব করা যায় সেই উদ্দেশ্যে ইতিমধ্যে কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি জানান, বর্তমানে যেসব কাজ চলছে এগুলি আগামী ৭ থেকে ১৫ দিনের মধ্যে শেষ করার উদ্যোগ নেওয়া হয়েছে। পরবর্তী সময়ে কাজ করতে হলে ৫০ থেকে ১০০ মিটারের বেশি জায়গা খনন করা যাবেনা। এই কাজ শেষ করার পরই পরবর্তী কাজ করতে হবে। জনগণের চলাচলের সুবিধার্থে ট্রাফিক দপ্তর থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কোন কাজ শুরু করার আগে ট্রাফিক দপ্তরকে আগাম জানাতে হবে। যে জায়গায় কাজ করা হবে সেই জায়গা চিহ্নিতকরণের ব্যবস্থা করা হবে।

সাংবাদিক সম্মেলনে আগরতলা পুরনিগমের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক দিলীপ কুমার চাকমা আগরতলা স্মার্ট সিটিতে বিভিন্ন চলমান কাজের অগ্রগতি বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। তিনি জানান, আগরতলা পুর নিগমের উদ্যোগে ৫টি উন্নয়নমূলক কাজ শুরু করা হবে। সাংবাদিক সম্মেলনে পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার রাজীব মজুমদার বলেন, পূর্ত দপ্তর রাজ্যের সড়ক যোগাযোগ ব্যবস্থা আরও মসৃণ করে তুলতে সদা সচেষ্ট। আগরতলা পুর নিগম এলাকায় জল নিষ্কাশন ব্যবস্থা ঢেলে সাজানোর লক্ষ্যে ১৩.১০ কিমিঃ ড্রেন উন্নতিকরণের কাজ হাতে নেওয়া হয়েছে। তার মধ্যে পুর নিগম এলাকার বিভিন্ন অংশে বর্তমানে ২.২০ কিমিঃ ড্রেনের উন্নতিকরণের কাজ চলছে। অবশিষ্ট ১০.৯০ কিমিঃ ড্রেনের উন্নতিকরণের কাজের জন্য ইতিমধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে। তিনি বলেন, নির্মাণ কাজ চলাকালীন সময়ে জনগণের যাতায়াতের যাতে কোন অবস্থায় কোন ব্যাঘাত না ঘটে সেই দিকে লক্ষ্য রাখা হচ্ছে।

সাংবাদিক সম্মেলনে টি এস ই সি এল -এর অধিকর্তা (টেকনিক্যাল) সুবীর সেন বলেন, আগরতলা পুরনিগম এলাকায় ১৫৩ কিমি আন্ডারগ্রাউন্ড ক্যাবেলের কাজ এবছর জুন মাসে শেষ করা হয়েছে। আগামী দিনে আরও কাজ হাতে নেওয়া হবে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও এস পি ট্রাফিক কিশোর দেববর্মা জানান, সরকারের জনকল্যাণমুখী কাজ চলাকালীন জনসাধারণের যাতায়াতে ব্যবস্থা সচল রাখতে ট্রাফিক বিভাগ সদা সচেষ্ট রয়েছে।

******